



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ১৮/০২/২০১৯ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ভলিবল টুর্নামেন্ট ২০১৯ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্বোধন হয়ে গেল আন্তঃবিভাগ ভলিবল টুর্নামেন্ট ২০১৯। অদ্য ১৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ বিকাল ৪ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বেলুন উড়িয়ে টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী শিক্ষাবিদ প্রফেসর ড. এস এম ইমামুল হক। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক ও ইংরেজী বিভাগের সহকারী অধ্যাপক মোঃ তারিকুল হক এর পরিচালনায় অনুষ্ঠিত উদ্বোধনী কার্যক্রমে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিনবন্দ, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্টবন্দ, ২৪ টি বিভাগের বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণ, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবন্দ, দপ্তরপ্রধানগণ ও শারীরিক শিক্ষা দপ্তরের সহকারী পরিচালকসহ সংশ্লিষ্ট দপ্তরের অন্যান্যরা। ইতোপূর্বে শুরু হওয়া আন্তঃবিভাগ ব্যাডমিন্টন, টেবিল টেনিস, ক্যারম এবং অদ্য ১৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে শুরু হওয়া ভলিবল টুর্নামেন্টের পুরস্কার বিতরণী আগামী ২৭ ফেব্রুয়ারি বিকাল ৩.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। শারীরিক শিক্ষা দপ্তরের অনুষ্ঠানে অংশগ্রহণ শেষে উপাচার্য মহোদয় মুক্তমঞ্চে বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের এমবিএ সমাপনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করে বিদায়ী শিক্ষার্থীদের ক্রেস্ট বিতরণ করেন। বিকেল ৫ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ে অর্থ ও হিসাব পরিচালকের নতুন অফিস ফিতা কেটে উদ্বোধন করেন উপাচার্য মহোদয়। এসময় তাঁর সাথে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের উর্ধ্বতনরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস